# জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি হিসেবে শপথ নিলেন খলিলুর রহমান



পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। এর মাধ্যমে জাতিসংঘের অন্যতম গুরুত্বপূর্ণ এই বৈশ্বিক ফোরামের নেতৃত্বে বাংলাদেশের নতুন এক অধ্যায়ের সূচনা হলো।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরের সাধারণ পরিষদ হলে আয়োজিত অনুষ্ঠানে শপথ নেন তিনি।

শপথ গ্রহণের পর দেওয়া বক্তব্যে ড. খলিলুর রহমান ৮১তম অধিবেশনে তার অগ্রাধিকার ও পরিকল্পনার কথা তুলে ধরেন। বৈশ্বিক বিভিন্ন সংকট মোকাবিলা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বা এসডিজি বাস্তবায়ন, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ এবং বিশ্বশান্তি প্রতিষ্ঠায় সাধারণ পরিষদের কার্যকর ভূমিকার ওপর গুরুত্ব দেন তিনি।

জাতিসংঘের নির্ধারিত কর্মসূচি অনুযায়ী, শপথ গ্রহণের আনুষ্ঠানিকতা শেষে বাংলাদেশ সময় রাত একটায় সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের প্রথম প্লেনারি বৈঠকে সভাপতিত্ব করার কথা রয়েছে ড. খলিলুর রহমানের।

জাতিসংঘের ১৯৩ সদস্য রাষ্ট্রের প্রতিনিধিদের অংশগ্রহণে অনুষ্ঠিত এই উদ্বোধনী প্লেনারি বৈঠকের মধ্য দিয়েই ৮১তম অধিবেশনের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হবে।

LENS ASIA